অধ্যক্ষের কার্যালয়
চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।

**সংশোধিত বিজ্ঞপ্তি নং- ১০৪, তারিখ : ২৪/০৫/২০২২ খ্রি.**

ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২১ সালের অনার্স-১ম বর্ষ নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের পরীক্ষার ফরম পূরণের তারিখ, ফিসের হিসাব ও অন্যান্য নিয়মাবলী নিম্নে দেয়া হলো। এ পরীক্ষার আবেদন ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম **Online** এর মাধ্যমে সম্পন্ন করা হবে। **ফরম পূরণের সকল ক্ষেত্রে অবশ্যই কোভিড-১৯ সংক্রান্ত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।**

ফরম পূরণের তারিখ ও ফিসের হিসাব নিম্নরূপঃ

| বিষয় | নিয়মিত/অনিয়মিত (অনার্স-২য় বর্ষের প্রাক-নির্বাচনী ও নির্বাচনী পরীক্ষার ফিসহ) | গ্রেড উন্নয়ন/ অকৃতকার্য | ফরম পূরণ ও ফি প্রদানের তারিখ |
|---|---|---|---|
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলাম শিক্ষা, দর্শন, অর্থনীতি, সমাজকর্ম, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা | ২৮০০/- | ০১ পত্র = ১০৫০/-<br>০২ পত্র = ১৩০০/-<br>০৩ পত্র = ১৫৫০/-<br>০৪ পত্র = ১৮০০/-<br>০৫ পত্র = ২০৫০/- | অনলাইনে আবেদন ফরম পূরণের তারিখঃ ২০/০৫/২০২২ তারিখ হতে ৩০/০৫/২০২২ তারিখ পর্যন্ত।<br>মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে পরীক্ষার ফি প্রদানের তারিখঃ ৩১/০৫/২০২২ তারিখ হতে ০৯/০৬/২০২২ তারিখ পর্যন্ত। |
| পদার্থবিজ্ঞান | ৩৭৪০/- | | |
| রসায়নবিজ্ঞান | ৩৫৭০/- | | |
| উদ্ভিদবিজ্ঞান | ৩৯১০/- | | |
| প্রাণিবিজ্ঞান | ৩৬৬০/- | | |
| গণিত | ৩৬২০/- | | |
| ভূগোল ও পরিবেশ | ৩৪২০/- | | |

১। ফরম পূরণের নিয়মাবলী : ২০২১ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত কার্যক্রম অন-লাইনের মাধ্যমে সম্পন্ন করা হবে। পরীক্ষার্থী নিজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট **www.nubd.info/honours** এ প্রবেশ করে যথাযথভাবে রেজিস্ট্রেশন নম্বর ও সঠিক বিষয় কোড এন্ট্রি করে আবেদন ফরম ডাউন লোড করে প্রিন্ট নিতে হবে। বিষয় কোডে গড়মিলের কারণে পরীক্ষা সংক্রান্ত জটিলতার জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি, প্রযোজ্য ক্ষেত্রে অনার্স-১ম বর্ষের ফলাফল শীটের ফটোকপি সংযুক্ত করতে হবে।

২। ফি জমাদানের নিয়মাবলী : নিয়মিত ও অনিয়মিত সকল বিষয়ের পরীক্ষার্থী এবং ২০২০ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে যারা **Not Promoted** হয়ে ২০২১ সালের পরীক্ষায় আংশিক বিষয়ে অংশগ্রহণ করবে এবং যারা মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করবে তারা বিকাশ অথবা নগদ অ্যাপস্-এ প্রবেশ করে পে-বিল অপশনে চাঁদপুর সরকারি কলেজ নির্বাচন করতে হবে। অতপর **Student ID** এর স্থলে পরীক্ষার্থী নিজের রেজিস্ট্রেশন নম্বর লিখে **Month-June- 22 Select** করে পরীক্ষার ফিসের মোট টাকা সার্ভিস চার্জসহ (স্বয়ংক্রিয়ভাবে কাটা যাবে) নিশ্চিত হয়ে আগামী ৩১/০৫/২০২২ তারিখ হতে ০৯/০৬/২০২২ তারিখের মধ্যে **Payment** সম্পন্ন করে পরীক্ষার আবেদন ফরম, ফি জমাদানের রশিদ ও রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি সংশ্লিষ্ট বিভাগে জমা দিয়ে ফরমপূরণ সম্পন্ন করতে হবে। বর্ণিত তারিখের পর মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ফি প্রদান করা হলে তা গ্রহণযোগ্য হবে না। উল্লেখ্য যে, পরীক্ষার আবেদন ফরমের **Student's Copy** ভবিষ্যৎ প্রয়োজনে পরীক্ষার্থীকে নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে।

পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী: ৩। (ক) নিয়মিত পরীক্ষার্থীদের জন্যঃ জাতীয় বিদ্যালয়ের অধীন ২০২০-২০২১ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী (যারা রেগুলেশন অনুযায়ী কোর্স সম্পন্ন করেছে) ২০২১ সালের অনার্স ১ম বর্ষের নিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) অনিয়মিত পরীক্ষার্থীদের জন্যঃ ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে **Not promoted** হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২১ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। **Not promoted** শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে যারা ২০২০ সালের অনার্স-১ম বর্ষে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে **''C''** বা **''D''** গ্রেড পেয়েছে শুধুমাত্র তারাই ২০২১ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে এবং **''F''** গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

(গ) গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্যঃ ২০২০ সালের অনার্স-১ম বর্ষে যে সকল শিক্ষার্থী নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ১ম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র **C** এবং **D** গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্স সমুহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

যে সকল শিক্ষার্থী ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে **F** গ্রেড রয়েছে তারা ২০২১ সালের পরীক্ষায় **F** গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।

সকল **F** গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম **''D''** গ্রেডে এ উন্নীত করতে হবে। **F** গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নে কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন **B+** গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।

২০২০ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে **C Promoted** প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত পত্রে ২০২১ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।

৪। সিলেবাস : ২০২১ সালের অনার্স-১ম বর্ষ পরীক্ষা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর নতুন সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

৫। ফলাফল : এ পরীক্ষার ফলাফল গ্রেডিং পদ্ধতিতে প্রকাশ করা হবে।

২৪/৫/২০২২

(প্রফেসর অসিত বরণ দাশ)
অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর।

অধ্যক্ষ
চাঁদপুর সরকারি কলেজ
চাঁদপুর। ২৪/৫/২০২২

অনুলিপি :
১। উপাধ্যক্ষ, চাঁদপুর সরকারি কলেজ, চাঁদপুর।
২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, চাঁ.স.ক।
৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, চাঁ.স.ক।
৪। কলেজ ওয়েব সাইটঃ **www.chandpurcollege.edu.bd**
৫। অফিস নথি।

Hon's Part-1 Form Fillup Exam- 2021